সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২
শিয়ালকোল, সিরাজগঞ্জ।
পোষ্ট কোড নং-৬৭০০
ISO 9001:2015 Certified

সরাসরি-০৭৫১-৬২৮৪৫
E-Mail-sirajganjpbs2@gmail.com
Web : pbs2.sirajganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৮৭৮.৫৭৩.০২.০০৮.২৪. ৬৪৮৩

তারিখঃ ০৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

# "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২-এ **"লাইন টেকনিশিয়ান"** পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এবং "পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিতঃ ২০১২ ইং)" মোতাবেক বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরতগণের নিকট হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

| ক্রঃনং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|
| ০১ | লাইন টেকনিশিয়ান | (ক) লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত চাকুরীকাল ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ মোতাবেক প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>(ঘ) বৈদ্যুতিক লাইন, ষ্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা, জরুরী প্রাথমিক চিকিৎসায় পর্যাপ্ত ধারণা থাকতে হবে।<br>(ঙ) প্রার্থীকে অবশ্যই পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>(চ) কম্পিউটার চালনায় জ্ঞান থাকতে হবে।<br>(ছ) কাজ করার ক্ষেত্রে লাইনক্রুগনকে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>(জ) লাইনম্যান গ্রেড-১ পদে সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। |

**শর্তাবলীঃ**

**০১।** আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিতকরণের তারিখ উল্লেখ পূর্বক স্বহস্তে লিখিত আবেদন পত্র সহ আগামী **০৭/১০/২০২৪ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায়** সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, শিয়ালকোল, সিরাজগঞ্জে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**০২। আবেদন পত্রের সাথে নিম্নেবর্ণিত কাগজ পত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের অনুলিপি;
(খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের অনুলিপি;
(গ) বিগত ০৩ (তিন ) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের অনুলিপি;
(ঘ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর অনুলিপি;
(ঙ) সম্প্রতি তোলা ২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি;
(চ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার / জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, অনাপত্তি সনদ ও বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে/না থাকে) এর প্রত্যয়ন পত্র;
(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে;
(জ) সকল কাগজপত্র বর্তমানে কর্মরত পবিসের এজিএম (প্রশাসন/ এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে;

০৩। **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(খ) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঘ) বিগত ০৪ (চার ) বছরের ভিতর একবার গুরদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত / ঘোষিত হয়েছেন;

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না ;

(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়কালে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না;

০৪। **পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ**

(ক) নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের ''পদ বিবরণী" তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে;

(খ) পদোন্নতির বিষয়ে নির্দেশিকা ৩০০-২৪ -এ উল্লেখিত বিধান / শর্তাদি পূরণ করতে হবে;

(গ) পবিস কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে;

০৫। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন-ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৬। অত্র সমিতির ভৌগলিক এলাকায় ( সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর (আংশিক), কাজিপুর, বেলকুচি, কামারখন্দ ও চৌহালী (আংশিক) উপজেলায় স্থায়ীভাবে বসবাসরত) স্থায়ীভাবে বসবাসরত প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।

০৭। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে পবিস চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) এর ০৭ ধারা যথাযথ ভাবে অনুসরণ করা হবে। উক্ত ধারা মোতাবেক যোগ্যতা সম্পন্ন না হলে আবেদন করার প্রয়োজন নাই।

০৮। ইতিপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত / বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে ''পবিস চাকুরী বিধি (সংশোধিত-২০১২)" এবং পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১০। অত্র সমিতির এলাকা পরিচালক /পরিচালক/ মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/ কর্মচারীর স্বামী/ স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/ নিয়োগ প্রাপ্ত হলে প্রমাণ স্বাপেক্ষে চাকরিচ্যুত করা সহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "চলতি দায়িত্ব" হিসেবে নিয়োগ প্রদান করা হবে। চলতি দায়িত্ব পালনকালীন সময়ের কর্মসম্পাদন মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত অথবা সার্ভিস কোড/নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী যা প্রযোজ্য সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন প্রার্থীগনের মধ্য হতে জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগের জন্য বিবেচনা করা যেতে পারে।

১৩। বর্ণিত পদে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

১৪। নির্বাচনী সাক্ষাতকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টি এ/ ডি এ প্রদান করা হবে না।

১৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বেল গণ্য হবে।

(মোঃ জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (সদয় অবগতি ও আপনার অফিস/দপ্তর/বিভাগ এর নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ):**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃঅঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাপবিবো, ঢাকা।
০৫। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা) এর দপ্তর, বাপবিবো, ঢাকা।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, .................... পবিস-১/২/৩/৪।
০৭। ডিজিএম, বেলকুচি ও কাজিপুর জোনাল অফিস/ সদর-কারিগরী, সিরাজগঞ্জ পবিস-২।
০৮। এজিএম, তামাই/পিপুলবাড়িয়া/কামারখন্দ সাব-জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।
০৯। এজিএম (এমএস/এইচআর/প্রশাসন/অর্থ/ইএন্ডসি/ওএন্ডএম), সিরাজগঞ্জ পবিস-২।
১০। এজিএম (আইটি), সিরাজগঞ্জ পবিস-২ (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশসহ)।
১১। নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পবিস-২।
১২। অফিস/ মাষ্টার কপি।

(মোঃ জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)